



কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়



# অগ্নি নিরাপত্তা



কারখানায় আগুনের কারণে দুর্ঘটনায় মৃত্যু, যন্ত্রপাতি অচল, পণ্য সরবরাহে ধীরগতি এবং কারখানার খ্যাতি নষ্ট হতে পারে। এ কারণে উর্ধ্বতন কর্তৃপক্ষ কর্তৃক অগ্নি নিরাপত্তার পদ্ধতি সরবরাহ করা গুরুত্বপূর্ণ।

- প্রতিটি কারখানা যেখানে কমপক্ষে ৫০০ জন শ্রমিক কাজ করে সেখানে অবশ্যই একজন অগ্নি নিরাপত্তা কর্মকর্তা থাকবেন। তার কাজ হবে, অগ্নি নিরোধক টিম/ দল ও অগ্নি নিরাপত্তা বিষয়ক যন্ত্রপাতির সমন্বয় করা।
- কারখানার প্রতিটি শাখায় একটি করে অগ্নি নিরোধক টিম থাকবে যেখানে সেই শাখার মোট শ্রমিকের ৬% কাজ করবে।
- অগ্নি নির্বাপনের প্রথম পদক্ষেপ হচ্ছে নিয়মিত স্মুঁকি নিরূপণ যেমন : অগ্নি নিরোধের জন্য সঠিক পদক্ষেপ হলো স্মুঁকি চিহ্নিতকরণ। এর মধ্যে রয়েছে আগুনের সম্ভাব্য উৎস চিহ্নিতকরণ এবং ঐ সমস্ত দাহ্য পদার্থ যা স্টোরে বা আশেপাশে সংরক্ষণ করা হয় তা এড়িয়ে চলা।

- কারখানায় অবশ্যই সঠিক জায়গায় নির্দিষ্টমানের প্রয়োজনীয় যন্ত্রপাতি যেমন : ফায়ার অ্যালার্ম, স্বয়ংক্রিয় অগ্নি চিহ্নিতকরণ যন্ত্র, অগ্নিনির্বাপক, বালুর বস্তা, পানি পরিবহণ ও সংরক্ষণ, হোস পাইপ, স্প্রিংক্লার ইত্যাদি থাকতে হবে। সম্ভাব্য ঝুঁকি, বিল্ডিং কোড FSCD, মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এর নির্দেশনা অনুযায়ী এই যন্ত্রপাতির ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত নিতে হবে।
- বাংলাদেশ শ্রম আইন-২০০৬ অনুযায়ী বহির্গমন সিঁড়ি ধোঁয়া মুক্ত থাকার ব্যবস্থা হতে হবে এবং অগ্নি নিরোধক পদার্থ দিয়ে নির্মিত হতে হবে।
- ইলেকট্রিক্যাল ইন্সটলেশন, বিপদজনক যন্ত্রপাতি (বয়লার, ট্রান্সফর্মার) এবং অগ্নিনিরোধক যন্ত্রপাতির উপযুক্ত রক্ষনাবেক্ষণ করতে হবে।
- কারখানার জন্য প্রয়োজনীয় সনদপত্র থাকা আবশ্যিক (ফায়ার লাইসেন্স, ইলেকট্রিক্যাল নিরাপত্তা সনদ, বয়লারের সনদ)। লাইসেন্স দেখে সহজেই বোঝা যাবে কখন তা নবায়ন করতে হবে।
- চাকরির শুরুতেই প্রত্যেক শ্রমিকের অগ্নি প্রতিরোধের প্রাথমিক প্রশিক্ষণ পাওয়া উচিত। প্রত্যেক শাখার কমপক্ষে ৬% শ্রমিকের অগ্নি নির্বাপক যন্ত্র চালানোর প্রয়োজনীয় প্রশিক্ষণ থাকতে হবে। কমপক্ষে প্রতি ৬ মাস অন্তর অগ্নি নির্বাপন মহড়ার আয়োজন করতে হবে। বয়লার অপারেটরকে অবশ্যই সনদধারী হতে হবে।
- প্রতিষ্ঠানের নিয়ম ও পদ্ধতি (যেমন : কর্মক্ষেত্রে ধূমপান নিষিদ্ধ, বয়লার চালানো, আবর্জনা পোড়ানো ও ওয়েল্ডিং-এর পদ্ধতি) অবশ্যই সকলকে মেনে চলতে হবে।



### কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

বিএফডিসি কমার্শিয়াল কমপ্লেক্স

২৩-২৪ কাওরান বাজার (২য় ও ৩য় তলা), ঢাকা ১২১৫

ফোন : +৮৮ ০২ ৫৫০ ১৩৬২৭

Web: www.dife.gov.bd

Email: chiefdife@gmail.com

এই প্রকাশনাটি কানাডা, নেদারল্যান্ডস, যুক্তরাজ্য ও আন্তর্জাতিক শ্রম সংস্থা (আই,এল,ও)-র 'তৈরি পোশাক শিল্পে কর্ম-পরিবেশ উন্নয়ন কর্মসূচি'-এর সহায়তায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক প্রকাশিত

Canada



Kingdom of the Netherlands

